# বরিশাল বোর্ড-২০১৬

**যুক্তিবিদ্যা-প্রথম পত্র** — বিষয় কোড : ১ ২ ১

সময়-২ ঘণ্টা ১০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান: ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১. যুক্তিবিদ্যার ক্লাস শেষে খোকন বলল, 'যুক্তিবিদ্যা প্রকৃতপক্ষেই কলাবিদ্যা।' সুমন এর বিরোধিতা করে বলল, 'যুক্তিবিদ্যা হলো একটি বিজ্ঞান।' তাদের বিতর্কের একপর্যায়ে পলি এসে বলল, 'যুক্তিবিদ্যা একটি আদি কলা ও সেরা বিজ্ঞান।'

ক. যুক্তিবিদ্যার জনক কে? ১

খ. Logic-এর ব্যুৎপত্তিগত অর্থ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যুক্তিবিদ্যা সম্পর্কে খোকন ও সুমন-এর বিতর্কটি পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পলির বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২. শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে ছাত্রছাত্রীদের উদ্দেশ্য করে বলেন- আজ আমরা প্রথমত এমন একটি বিষয় নিয়ে আলোচনা করব যা জীবন ও জগতের সাথে সম্পর্কযুক্ত সত্য-মিথ্যা এবং বৈধতা-অবৈধতা নিয়ে আলোচনা করে। যে জ্ঞান তার নিয়মাবলি সম্পর্কে আলোচনা করে এবং তা বাস্তবে প্রয়োগও করতে পারে। দ্বিতীয়ত এই বিষয়টির সাথে সৌন্দর্য ও রুচিবোধের বিষয়টিও জড়িত।

ক. নীতিবিদ্যা কাকে বলে? ১

খ. ব্যবসায় নৈতিকতা কী? ২

গ. উদ্দীপকে প্রথমত যে বিষয়টির ইঙ্গিত রয়েছে তাকে কী বলা যায়? বিজ্ঞান না কলা? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে তোমার পাঠ্যপুস্তকের যে বিষয় দু'টির ইঙ্গিত রয়েছে তাদের পার্থক্য তুলে ধর। ৪

৩. রাজন বলল, দ্রব্যমূল্য বৃদ্ধি পেলে দ্রব্যের চাহিদা যেমন কমে আবার দ্রব্যমূল্য কমলে চাহিদা বৃদ্ধি পায়। ফয়েজ বলল, যুক্তিবিদ্যার স্যারও যুক্তির উপাদান অধ্যায়ে এরূপ একটি বিষয় আলোচনা করেছেন।

ক. সরল পদ কাকে বলে? ১

খ. বস্তুবাচক ও গুণবাচক পদ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ফয়েজের বক্তব্যে যুক্তির উপাদান অধ্যায়ের যে বিষয়ের ইঙ্গিত আছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রাজনের বক্তব্যে যে বিষয়গুলোর ইঙ্গিত আছে তাদের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. 'সব দার্শনিক হয় জ্ঞানী'- এই যুক্তিবাক্যে ব্যবহৃত 'দার্শনিক' এবং 'জ্ঞানী' পদ দুইটির মধ্যে একটি সম্পর্ক বিদ্যমান। এরিস্টটল সবপ্রথম এই সম্পর্কে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তীতে যুক্তিবিদ পরফিরি এই আলোচনাকে আরো বেগবান করেন।

ক. বিধেয়ক কী? ১

খ. কোন ধরনের যুক্তিবাক্যে বিধেয়ক অনুপস্থিত থাকে? ২

গ. উদ্দীপকের যুক্তিবাক্যে ব্যবহৃত 'জ্ঞানী' পদটিকে যুক্তিবিদ্যায় কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'দার্শনিক' ও 'জ্ঞানী' পদ দুইটির মধ্যে যে সম্পর্ক প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৪

৫.

| উদাহরণ-১ | উদাহরণ-২ |
|---|---|
| সকল A হয় B<br>∴ সকল B হয় A | কোনো C নয় D<br>∴ কোনো D নয় C |

ক. অনুমান কী? ১

খ. মাধ্যম ও অমাধ্যম অবরোহ অনুমানের পার্থক্য দেখাও। ২

গ. উদ্দীপকে উদাহরণ-২ এ কোন ধরনের আবর্তন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উদাহরণ-১ এ যে আবর্তন করা হয়েছে তার বৈধতা বিচার কর। ৪

৬. আনিস স্যার যুক্তিবিদ্যা ক্লাসে উদাহরণ দেন যে, সকল দার্শনিক হয় শিক্ষিত; সকল শিক্ষিক হয় শিক্ষিত ∴ সকল শিক্ষক হয় দার্শনিক। তিনি আরো বলেন যে, সহানুমানের ক্ষেত্রে হেতুপদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

ক. একটি সহানুমানে কয়টি যুক্তিবাক্য থাকে? ১

খ. সহানুমানের প্রথম সংস্থানের বৈধ যুক্তিসমূহের নাম লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আনিস স্যারের যুক্তিটির বৈধতা বিচার কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আনিস স্যারের শেষ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭. বৈশাখ মাসের শুরু থেকেই আকাশে মেঘের ঘনঘটা। টানা বৃষ্টিতে মাঠ-ঘাট, খাল-বিল, নদী-নালা পানিতে টইটম্বুর। প্রকৃতির এমন আচরণের সবাই অবাক।

TeachingBD.com

এভাবে আরও দুই একদিন বৃষ্টি হলে বন্যা অনিবার্য। প্রকৃতির কী অমোঘ নিয়ম– অধিক বৃষ্টি হলে বন্যা হবে। সুতরাং বলা যায় অধিক বৃষ্টিই বন্যার কারণ।

ক. 'কূটাভাস' শব্দের অর্থ কী? ১

খ. একটি চিত্রের সাহায্যে বহুকারণবাদ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শেষবাক্যে যে অনুপপত্তি ঘটেছে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে নিয়মের কথা বলা হয়েছে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮. ইঞ্জিনিয়ার কামাল বলল, যে কোনো ভবন নির্মাণ তার ভিত্তির ওপর নির্ভর করে। ভিত্তি যত মজবুত বা যথাযথ হবে ইমারত তত বড় করা যাবে। তাই সকল মালামাল পরীক্ষা করে নেয়া উচিত। সহকারী ইঞ্জিনিয়ার তাপস বলল, ভবনের কাজ করার সময় অবশ্যই ভালোভাবে দেখাশোনা করতে হবে।

ক. আরোহের ভিত্তি কী? ১

খ. বহুকারণ সমন্বয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ইঞ্জিনিয়ার কামাল ও সহকারী ইঞ্জিনিয়ার তাপসের বক্তব্যে আরোহ অনুমানের কোন দিকের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঞ্জিনিয়ার কামাল যে বিষয়ে ইঙ্গিত দিয়েছেন তার তুলনায় তাপসের বিষয়ের সুবিধাগুলো দেখাও। ৪

**৯. দৃশ্য-১ ঃ** শিক্ষক সঠিক উত্তরকে '√'এবং ভুল উত্তরকে '×' চিহ্ন দিয়ে প্রকাশ করলেন।

**দৃশ্য-২ ঃ** সেলিম 'p.q' দ্বারা 'রহিম ও করিম হয় ভালো ছেলে'– বাক্যটিকে প্রতীকায়িত করল।

ক. প্রতীক কী? ১

খ. সংকেত কত প্রকার ও কী কী? ২

গ. দৃশ্য-২ এ সেলিমের প্রতীগায়িত বাক্যটির সত্যমান নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্য-১ এ শিক্ষক যে পদ্ধতি ব্যবহার করেছেন তা যুক্তির বিচারে অত্যন্ত কার্যকর–উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ২ | ১ |

সময়-৪০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. যুক্তিবিদ্যার মূল আলোচ্য বিষয় কোনটা?
ক অনুমান খ যুক্তি
গ ভাষা ঘ স্মৃতি

২. যুক্তিবিদ্যাকে কোন ধরনের বিজ্ঞান বলা হয়?
ক চিন্তামূলক খ আদর্শনিষ্ঠ
গ ব্যবহারিক ঘ বস্তুনিষ্ঠ

৩. যুক্তিবিদ্যার প্রতিষ্ঠাতা কে?
ক লাইবনিজ খ রাসেল
গ এরিস্টটল ঘ প্লেটো

৪. নীতিবিদ্যা ও যুক্তিবিদ্যা উভয়ই—
i. বস্তুনিষ্ঠ বিজ্ঞান
ii. ব্যবহারিক বিজ্ঞান
iii. আদর্শনিষ্ঠ বিজ্ঞান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ i ঘ iii

৫. দর্শন ও যুক্তিবিদ্যার জ্ঞানের পার্থক্য হলো—
ক অখণ্ড ও খণ্ড খ বস্তুগত ও রূপগত
গ খণ্ড ও অখণ্ড ঘ রূপগত ও বস্তুগত

নিচের উদ্দীপকের সাহায্যে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
হাবিল ও কাবিল দুই ভাই। তারা গ্রামের মানুষদের উচিত-অনুচিত, ভালো-মন্দ, ন্যায়-অন্যায় বিষয়ে উপদেশ দেয়। হাবিল মানুষের কথাবার্তার অসঙ্গতিগুলো সহজেই ধরতে পারে। অন্যদিকে কাবিল সৎ জীবন-যাপন করে, অন্যায় করে না।

৬. উদ্দীপকে হাবিলের কাজ কোন বিষয়কে নির্দেশ করে?
ক দর্শন খ যুক্তিবিদ্যা
গ নীতিবিদ্যা ঘ নন্দনতত্ত্ব

৭. উদ্দীপকে হাবিল ও কাবিলের কার্যকলাপের তফাৎ কী?
ক নৈতিক ও অনৈতিক
খ সামাজিক ও রাজনৈতিক
গ যৌক্তিক ও নৈতিক ঘ নৈতিক ও যৌক্তিক

৮. যুক্তিবাক্যে কয়টা অংশ থাকে?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

৯. যুক্তিবাক্যের উদ্দেশ্য ও বিধেয় হিসেবে ব্যবহৃত শব্দ বা শব্দ সমষ্টিকে বলা হয়—
ক অবধারণ খ পদ
গ অনুমান ঘ যুক্তি

নিচের উদ্দীপকের সাহায্যে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:
মাসুদ মামুনকে বলল, এ বছর কুয়াশা কম, তাই আম বেশি হবে! কারণ, আমি দেখেছি কুয়াশা যে বছর কম থাকে, সে বছর আম বেশি হয়।

১০. উদ্দীপকে কম কুয়াশা ও বেশি আম কী নির্দেশ করে?
ক ব্যক্ত্যর্থ বাড়লে জাত্যর্থ কমে
খ ব্যক্ত্যর্থ কমলে জাত্যর্থ বাড়ে
গ জাত্যর্থ বাড়লে ব্যক্ত্যর্থ কমে
ঘ জাত্যর্থ কমলে ব্যক্ত্যর্থ বাড়ে

১১. উদ্দীপকে কুয়াশা ও আমের সম্পর্ক হলো—
ক ব্যক্ত্যর্থ ও জাত্যর্থ খ জাত্যর্থ ও ব্যক্ত্যর্থ
গ জাতি ও উপজাতি ঘ লক্ষণ ও উপলক্ষণ

১২. অনুমান হয়—
i. মানসিক প্রক্রিয়া
ii. শ্রেণীকরণ প্রক্রিয়া
iii. শারীরিক প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ ii ও iii

নিচের উদ্দীপকের সাহায্যে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
মলি জলিকে তার ছোট ভাইয়ের জন্মদিনে যাবার দাওয়াত করে। জলি বলল, 'যদি মা ক্যামেরা দেন, তবে আমি যাব।' মলি বলল, 'কোনো কারণ আমি শুনব না, তোমাকে আসতেই হবে।'

১৩. উদ্দীপকে মলির বক্তব্যে যে যুক্তিবাক্য পাওয়া যায় তা হলো—
ক প্রাকল্পিক খ বৈকল্পিক
গ সাপেক্ষ ঘ নিরপেক্ষ

১৪. উদ্দীপকে জলি ও মলির বক্তব্যের পার্থক্য কী?
ক প্রাকল্পিক ও নিরপেক্ষ খ নিরপেক্ষ ও প্রাকল্পিক
গ প্রাকল্পিক ও বৈকল্পিক ঘ বৈকল্পিক ও নিরপেক্ষ

১৫. যুক্তিবিদ পরফিরি বিধেয়ককে কয় ভাগে ভাগ করেছেন?
ক চার খ পাঁচ
গ ছয় ঘ সাত

নিচের উদ্দীপকের সাহায্যে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:
শাহিনা ১৯৯৫ সালের ১০ মে রাজশাহীতে জন্মগ্রহণ করে। সে বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। তার গায়ের রং ফর্সা। তার আচার-আচরণ ভালো এবং সে পোশাক-পরিচ্ছদে খুবই পরিপাটি।

১৬. উদ্দীপকে শাহিনার জন্মতারিখ কোন বিধেয়ক নির্দেশ করে?
ক ব্যক্তিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
খ জাতিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
গ ব্যক্তিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
ঘ জাতিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ


১৭. উদ্দীপকে পোশাকের পরিপাটি ও রাজশাহীর মধ্যে পার্থক্য হলো—
ক স্থায়ী ও অস্থায়ী খ স্থায়ী ও সর্বজনীন
গ সর্বজনীন ও অস্থায়ী ঘ অস্থায়ী ও স্থায়ী

১৮. বিধেয়ক মানে হচ্ছে—
ক উদ্দেশ্য ও বিধেয় পদের সম্পর্ক
খ যুক্তিবাক্যের বিধেয়
গ যুক্তিবাক্যের সদর্থক গুণ
ঘ যুক্তিবাক্যের নঞর্থক গুণ

১৯. অবরোহ অনুমানের লক্ষ্য কী?
ক বস্তুগত সত্যতা খ প্রমাণগত সত্যতা
গ আকারগত সত্যতা ঘ অনুমানগত সত্যতা

২০. অমাধ্যম অনুমানে আশ্রয়বাক্য থাকে—
ক ১টা খ ২টা
গ ৩টা ঘ ৪টা

নিচের উদ্দীপকের সাহায্যে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্র-১



চিত্র-২

Teachingbd.com

২১. চিত্র-১ দ্বারা বোঝায়—
i. মাধ্যম অনুমান   ii. অমাধ্যম অনুমান
iii. আরোহ অনুমান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

২২. চিত্র-১ ও চিত্র-২ এর সিদ্ধান্তের গ্রহণযোগ্যতার পার্থক্য হলো—
ক চিত্র-১ বেশি গ্রহণযোগ্য
খ চিত্র-১ কম গ্রহণযোগ্য
গ চিত্র-২ বেশি গ্রহণযোগ্য
ঘ চিত্র-২ কম গ্রহণযোগ্য

২৩. আবর্তনের সিদ্ধান্তকে বলা হয়—
ক আবর্তনীয়   খ আবর্তিত
গ প্রতি-আবর্তন   ঘ প্রতি-আবর্তিত

২৪. 'A' যুক্তিবাক্যকে প্রতিবর্তন করলে সিদ্ধান্ত পাওয়া যায়—
ক A যুক্তিবাক্য   খ I যুক্তিবাক্য
গ E যুক্তিবাক্য   ঘ O যুক্তিবাক্য

২৫. সহানুমানের সিদ্ধান্তের বিধেয়কে বলা হয়—
i. সাধ্যপদ
ii. পক্ষপদ   iii. মধ্যপদ
নিচের কোনটি সঠিক?
ক i   খ ii   গ iii   ঘ i ও ii

২৬. প্রথম সংস্থানের বৈধ মূর্তির সংখ্যা হলো—
ক ৩   খ ৪   গ ৫   ঘ ৬

২৭. সহানুমানের আশ্রয় বাক্য দুটি সত্য হলে সিদ্ধান্তটিও হবে—
ক মিথ্যা   খ আংশিক সত্য
গ আংশিক মিথ্যা   ঘ সত্য

২৮. ঢাকা হয় বাংলাদেশের রাজধানী—A যুক্তিবাক্য। এখানে A যুক্তিবাক্যের উদ্দেশ্য ও বিধেয় হলো—
ক ব্যাপ্য— ব্যাপ্য   খ অব্যাপ্য—ব্যাপ্য
গ ব্যাপ্য—অব্যাপ্য   ঘ অব্যাপ্য—অব্যাপ্য

২৯. অবরোহ অনুমানের সিদ্ধান্ত সব সময়ই আশ্রয়বাক্য থেকে—
i. বেশি ব্যাপক
ii. সমান ব্যাপক
iii. কম ব্যাপক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৩০. আরোহের ভিত্তি কত প্রকার?
ক ২   খ ৩   গ ৪   ঘ ৫

৩১. অপ্রকৃত আরোহ কত প্রকার?
ক ২   খ ৩   গ ৪   ঘ ৫

নিচের উদ্দীপকের সাহায্য ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:
পাশের গ্রামে কালো ধোঁয়া দেখে হাফিজ বলল, 'গ্রামটা পুড়ে ছাই হয়ে যাবে। গ্রামের মানুষ অনেক চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনে। কিন্তু তার আগেই অনেক ঘর পুড়ে যায়।

৩২. উদ্দীপকে হাফিজের ধোঁয়া দেখা আরোহের কোন ভিত্তিকে নির্দেশ করে?
ক কার্যকারণ নিয়ম   খ পরীক্ষণ ও নিরীক্ষণ
গ প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি
ঘ পরীক্ষণ ও কার্যকারণ নিয়ম


৩৩. উদ্দীপকে বেশি পোড়া ও বেশি ক্ষতি আরোহের কোন ভিত্তিকে নির্দেশ করে?
ক প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি
খ কার্যকারণ নিয়ম ও পরীক্ষণ
গ নিরীক্ষণ ও পরীক্ষণ   ঘ কার্যকারণ নিয়ম

৩৪. নিষেধক বচনের প্রতীক কোনটা?
ক ≡   খ ~   গ ⊃   ঘ ∨

৩৫. বৈধতা কথাটি কীসের ক্ষেত্রে প্রযোজ্য?
ক যুক্তি   খ যুক্তিবাক্য
গ অবধারণ   ঘ পদ

৩৬. বৈকল্পিক বচনের চূড়ান্ত স্তম্ভ মিথ্যা হবে—
ক p ও q উভয়েই সত্য হলে
খ p মিথ্যা ও q সত্য হলে
গ p ও q উভয়েই মিথ্যা হলে
ঘ p সত্য ও q মিথ্যা হলে

নিচের চিত্রের সাহায্যে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:




চিত্র-১   চিত্র-২

৩৭. চিত্র-১ এ A, B ও C এর মধ্যে কী জাতীয় সম্পর্ক বিদ্যমান?
ক সমজাতীয় উপজাতি
খ নিকটতম জাতি ও উপজাতি
গ মধ্যবর্তী জাতি ও উপজাতি
ঘ ক্ষুদ্রতম উপজাতি

৩৮. চিত্র-২ এ M ও N এর মধ্যে কী জাতীয় সম্পর্ক বিদ্যমান?
ক জাতি ও উপজাতি   খ লক্ষণ ও জাতি
গ মধ্যবর্তী জাতি ও উপজাতি
ঘ উপলক্ষণ ও উপজাতি

নিচের উদ্দীপকের সাহায্য ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:
হালিম লঞ্চে ঢাকা যাবে। সে ভ্যাপসা গরমের মধ্যে লঞ্চ ঘাটে পৌছাল। ইতোমধ্যে ঘন কালো মেঘে আকাশ ছেয়ে গেল এবং একটু পরে বৃষ্টি শুরু হলো। ঘাট কর্তৃপক্ষ লঞ্চ চলাচল বন্ধ ঘোষণা করে।

৩৯. উদ্দীপকে ভ্যাপসা গরম হলো—
ক কৃত্রিম সংকেত   খ অশাব্দিক প্রতীক
গ শাব্দিক প্রতীক   ঘ স্বাভাবিক সংকেত

৪০. উদ্দীপকে কালো মেঘ ও ঘাট কর্তৃপক্ষের ঘোষণার পার্থক্য হলো—
ক স্বাভাবিক সংকেত ও কৃত্রিম সংকেত
খ কৃত্রিম সংকেত ও স্বাভাবিক সংকেত
গ কৃত্রিম সংকেত ও কৃত্রিম প্রতীক
ঘ স্বাভাবিক সংকেত ও স্বাভাবিক প্রতীক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | ক |

http://teachingbd.com